জাগরণে

ডঃ মহম্মদ মঈন

আকাশে আলো যায় যায় আঁধারে ফোটে তারা
কে যেন চলে গেলো আবছায়া গায়ে লাগলো খোলা হাওয়া
জীবনটা সরস হ'লো তাই॥

সময় চললো ব'য়ে, উঠলো দুরে চাঁদ ফুটলো অমন আলো
কে যেন বললো চক্ষু আমার তোমার হয়ে গেলো
শান্ত হয়ে ঘুমিয়ে গেলাম আমি
বরিষণ হ'লো আমার আ-নায়॥

গন্ধরাজের সুবাস বাতাস নাড়া দিলো নাকে
ভোরের সূর্য্য রক্তিম হয়ে উঁকি দিলো জানলার ফাঁকে
আলোর মাতন সতেজ অরুণী আভা
হেরিনু যে মোর ঘরে আয়নায়॥

কে যেন হাসলো আমার মুখে তার সুমধুর হাসি
লাফ দিয়ে ছুটে বাহিরে তখন দ্রুতবেগে আসি
দেখিনু নাচন সুদূর সীমানায়॥